# ক্রিয়ার কাল

রূপশ্রী ঘোষ

# ক্রিয়ার কাল

- ক্রিয়ার যে বিভক্তিধর্ম থেকে ক্রিয়ার ঘটনার সময়ের বোধ জন্মায়, তাকে ক্রিয়ার কাল (Tense) বলে।
- ক্রিয়ার কাল প্রধানত তিন প্রকার - ১) বর্তমান, (২) অতীত, (৩) ভবিষ্যৎ।
- যে ক্রিয়া বা কাজ এখনও ঘটছে বা স্বভাবত ঘটে থাকে, তার কালকে বর্তমান কাল বলে। যথা - সূর্য পূর্বদিকে ওঠে। কৃষকেরা মাঠে যাচ্ছে।
- যে ক্রিয়া বা কাজ আগে ঘটেছে তার কালকে অতীত কাল বলে। যেমন - শ্যাম দিল্লি গিয়েছিল। ছেলেরা বল খেলছিল।
- যে ক্রিয়া বা কাজ এখনও ঘটেনি, পরে ঘটবে, তার কালকে ভবিষ্যৎ কাল বলে। যেমন - মহিম বাড়ি আসবে। সুমিত আগামী বছর মাধ্যমিক পরীক্ষা দেবে।

# ক্রিয়ার প্রকার বা ভাগ

| বর্তমান কাল | অতীত কাল | ভবিষ্যৎ কাল |
|---|---|---|
| সাধারণ বা নিত্য বর্তমান | সাধারণ বা নিত্য অতীত | সাধারণ বা নিত্য ভবিষ্যৎ |
| ঘটমান বর্তমান | ঘটমান অতীত | ঘটমান ভবিষ্যৎ |
| পুরাঘটিত বর্তমান | পুরাঘটিত অতীত | পুরাঘটিত ভবিষ্যৎ |
| বর্তমান অনুজ্ঞা | নিত্যবৃত্ত অতীত | ভবিষ্যৎ অনুজ্ঞা |

# বর্তমান কাল

- সাধারণ বা নিত্য বর্তমান - সাধারণত, স্বভাবত, সর্বকালে বা নিত্যকালে সংঘটিত হয় এমন ক্রিয়া - ব্যাপারের কালকে সাধারণ বা নিত্য বর্তমান বলা হয়।
- যেমন - আসে (আস্ + এ, প্রথম পুরুষ), আসেন ( আস্ + এন, ওই, গৌরবার্থে), পড় (পড়্ + অ, মধ্যম পুরুষ), পড়িস (পড়্ + ইস, ওই, তুচ্ছার্থে), পড়েন (পড়্ + এন, মধ্যম বা প্রথম পুরুষ, গৌরবার্থে), খেলি (খেল্ + ই, উত্তম পুরুষ)।
- এরকম - কর, বস, থাকে, লিখি, উঠে, বসে, হাসে, ডাকি, খায়, যায় ইত্যাদি।
- 'দরজার পাশে দাঁড়িয়ে সে হাসে।' 'কখন মরণ আসে কে বা জানে।' 'আমরা ধরি মৃত্যু - রাজার যজ্ঞ - ঘোড়ার রাশ।' 'ডাকি প্রাণপণ চিৎকার করি কেষ্টা।'
- ঐতিহাসিক বর্তমান - কখনো কখনো কোনো অতীত ঘটনা অথবা কোনো ঐতিহাসিক ঘটনার বর্ণনায় অতীত কালের ক্রিয়ারূপের পরিবর্তে সাধারণ বর্তমান কালের রূপ ব্যবহার করা হয়, একে ঐতিহাসিক বর্তমান বলে। যথা - অশোক অনেক আগে প্রজাহিতকর কাজ করেন (করেছিলেন)। নেতাজি আজাদ হিন্দ ফৌজের সর্বাধিনায়ক হন (হয়েছিলেন)।

# বর্তমান কাল

- ঘটমান বর্তমান - যে কাজটি এখনও সংঘটিত হচ্ছে সেই ক্রিয়ার কালকে ঘটমান বর্তমান বলে।
- যেমন - (সাধু) গাড়ি আসিতেছে [আস্ + ইতেছে (ইতে + আছ্ + এ)]। তুমি লিখিতেছ [লিখ্ + ইতেছ (ইতে + আছ্ + অ)]।
- এরকম - খেলিতেছে, পড়িতেছে, হাসিতেছে ইত্যাদি।
- (চলিত) তারা খাচ্ছে। ছেলেরা পড়ছে। এরকম - বসছে, ঘুমোচ্ছে, যাচ্ছ ইত্যাদি।
- পুরাঘটিত বর্তমান - যে কাজ সবে শেষ হয়েছে, কিন্তু তার ফল বা প্রভাব এখনও বর্তমান আছে, এরকম ক্রিয়ার কালকে পুরাঘটিত বর্তমান বলে।
- যথা - (সাধু) রবীন্দ্রনাথ গীতাঞ্জলি রচনা করিয়াছেন [কর্ + ইয়াছেন (ইয়া + আছ্ + এন)]।

# বর্তমান কাল

- গোপাল অঙ্ক কষিয়াছে [কষ্ + ইয়াছে (ইয়া + আছ্ + এ)]। তুমি বইখানি পড়িয়াছ [পড়্ + ইয়াছ(ইয়া + আছ্ + অ)]। আমি খেলাটি দেখিয়াছি [ দেখ্ + ইয়াছি (ইয়া + আছ্ + ই)]।
- এরকম - পড়িয়াছে, খাইয়াছে, লিখিয়াছে, বলিয়াছে ইত্যাদি।
- (চলিত) ছেলেটি সঙ্গীদের সঙ্গে মারামারি করেছে। তুমি একথা লিখেছ। আমি ভাত খেয়েছি। এরকম- শুনেছি, বসেছেন, দিয়েছ ইত্যাদি।
- বর্তমান অনুজ্ঞা - বর্তমান কালে অনুরোধ, আদেশ, ইত্যাদি বোঝাতে ক্রিয়ার বর্তমান অনুজ্ঞা হয়।
- যথা - (সাধু ও চলিত) এখানে আইস। সেখানে যাও। দয়া করিয়া আমাকে সাহায্য করো। এসো ভাই সব। চোরটাকে এখুনি ধরো। এরকম - পড়ো, বসয়, হও, তোলো, লেখো, জানো, বোঝো, বলো ইত্যাদি।

# অতীত কাল

- **সাধারণ বা নিত্য অতীত** - অতীতে যে কাজ শেষ হয়েছে তার ক্রিয়ার কালকে সাধারণ বা নিত্য অতীত বলে।
- যেমন - (সাধু) স্বপন আসিল (আস্ + ইল্ + অ)। মহেশ গরিব লোকটিকে সাহায্য করিল (কর্ + ইল্ + অ)। তুমি আমার পাশে বসিলে (বস্ + ইল্ + এ)। আমরা বাহিরে আসিলাম (আস্ + ইল্ + আম)।
- এরকম - গাহিলেন, ডাকিল, ঘুমাইল, হাঁটিলাম ইত্যাদি।
- (চলিত) যদু বাড়ি গেল। আমরা পরীক্ষা দিলাম। তুমি হাসলে, এরকম - মরল, কাঁদল, গাইলাম, বললাম, শোনাল, জানাল ইত্যাদি।

# অতীত কাল

- **ঘটমান অতীত** - অতীতে যে কাজ হচ্ছিল, তার ক্রিয়ার কালকে ঘটমান অতীত বলা হয়।
- যেমন - (সাধু) গীতা গান করিতেছিল [কর্ + ইতেছিল (ইতে + আছ্ + ইল্ + অ)]। অতনু পড়িতেছিল [পড়্ + ইতেছিল (ইতে + আছ্ + ইল্ + অ)]। আমরা ভাত খাইতেছিলাম [খা + ইতেছিলাম (ইতে + আছ্ + ইল্ + আম)]।
- এরকম - গাহিতেছিল, আসিতেছিল, বলিতেছিল ইত্যাদি।
- (চলিত) যাচ্ছিল, খাচ্ছিলাম, পড়ছিলে ইত্যাদি।
- **পুরাঘটিত অতীত** - অতীতে যে কাজ শেষ হয়েছে অথবা বাক্যে বর্ণিত দুটি অতীত কাজের মধ্যে যে কাজটি পূর্বে শেষ হয়েছে তার ক্রিয়ার কালকে পুরাঘটিত অতীত বলে।
- যেমন - (সাধু) আভা বাড়ি আসিয়াছিল [আস্ + ইয়াছিল (ইয়া + আছ্ + ইল্ +ও)]।

# অতীত কাল

- কমল ঘরে বসিয়াছিল [বস্ + ইয়াছিল (ইয়া + আছ্ + ইল্ + ও)]। আমরা স্টেশনে পৌঁছিবার পূর্বে গাড়ি প্রবেশ করিয়াছিল [কর্ + ইয়াছিল (ইয়া + আছ্ + ইল্ + অ)]।
- এরকম - ঘুমাইয়াছিল, ডাকিয়াছিল, লিখিয়াছিলাম ইত্যাদি।
- (চলিত) ইভা কলকাতা গিয়েছিল। তোমরা লিখতে বসেছিলে।
- এরকম - করেছিলাম, দাঁড়িয়েছিলাম ইত্যাদি।
- নিত্যবৃত্ত অতীত - অতীতে কোনো কাজ নিয়মিত কিছুকাল ধরে ঘটত এরকম বোঝাতে ক্রিয়ার নিত্যবৃত্ত অতীত কালের রূপ প্রয়োগ করতে হয়।
- যেমন - (সাধু) আমরা নদীতীরে ভ্রমণ করিতাম [কর্ + ইতাম(ইত্ + আম)]। শিক্ষক মহাশয় ছাত্রদিগকে পড়াইতেন [পড়া (পড়্ + আ) + ইতেন (ইত্ + এন)]।
- এরকম - খেলিতাম, আসিত, বসিতাম ইত্যাদি।
- (চলিত) আমরা বাগানে বসতাম। তিনি প্রত্যহ আমাদের বাড়ি আসতেন।
- এরকম- দেখতাম, চাইত, হাসতেন, বলতেন, খেতেন, পড়াতেন, পড়তেন ইত্যাদি।

# ভবিষ্যৎ কাল

- **সাধারণ বা নিত্য ভবিষ্যৎ** - যে কাজ ভবিষ্যতে হবে, তার ক্রিয়ার কালকে সাধারণ বা নিত্য ভবিষ্যৎ বলে।
- যেমন - (সাধু) গাছ হইতে পাকা ফল পড়িবে [পড়্ + ইবে(ইব্ + এ)]। রাখাল মাঠে চাষ করিবে [কর্ + ইবে (ইব্ + এ)]।
- এরকম - বসিবে, করিবেন, বলিব, জানাইব, শোনাইব ইত্যাদি।
- (চলিত) মা ছেলেকে বকবে। বিভা ও আমি বাড়ি যাব।
- এরকম - উঠবে, চড়ব, করব, জমাব, পড়ব, বোঝাব ইত্যাদি।

# ভবিষ্যৎ কাল

- **ঘটমান ভবিষ্যৎ** - যে কাজ ভবিষ্যতে হতে থাকবে তার ক্রিয়ার কালকে ঘটমান ভবিষ্যৎ বলে।
- যথা - (সাধু) অমল ঘুমাইতে থাকিবে [ঘুম্ + আ + ইতে) + (থাক্ + ইব্ + এ)]। তুমি বাজার করিতে থাকিবে [(কর্ + ইতে) + (থাক্ + ইব্ + এ)]।
- এরকম - বসিতে থাকিবে, যাইতে থাকিবে ইত্যাদি।
- (চলিত) আন্দোলন চলতে থাকবে। ছেলেরা খেলতে থাকবে।
- এরকম - হাঁটতে থাকব, পড়তে থাকবেন ইত্যাদি।
- **পুরাঘটিত ভবিষ্যৎ** - যে ক্রিয়ার কালরূপ ভবিষ্যতের, কিন্তু কাজটি অতীতের এবং এতে সন্দেহের ভাব বর্তমান, তাকে পুরাঘটিত ভবিষ্যৎ বা সম্ভাব্য বা সন্দেহ অতীত বলে।
- যেমন - (সাধু) গৌতম অঙ্কটি কষিয়া থাকিবে [(কষ্ + ইয়া) + (থাক্ + ইব্ + এ)]।

# ভবিষ্যৎ কাল

- তপন একথা বলিয়া থাকিবে [(বল্ + ইয়া) + (থাক্ + ইব্ + এ)]।
- এরকম - গিয়া থাকিবে, বসিয়া থাকিবে, বসিয়া থাকিবে ইত্যাদি।
- (চলিত) আমরা তখন ঘুমিয়ে থাকব। তারা সারারাত্রি জেগে থাকবে।
- এরকম - হেসে থাকবে, লিখতে থাকবেন, পড়তে থাকবেন ইত্যাদি।
- ভবিষ্যৎ অনুজ্ঞা - ভবিষ্যতে আদেশ, অনুরোধ, প্রার্থনা ইত্যাদি ক্রিয়া সংঘটিত হবে, এরকম বোঝালে তার ক্রিয়ার কাল হয় ভবিষ্যৎ অনুজ্ঞা।
- যথা - তুমি কাল স্কুলে যেয়ো। চিঠির উত্তর দিও। অহংকারী হইও না। দেরি করিস না ইত্যাদি।

# সহায়ক গ্রন্থ

- বাংলা ব্যাকরণ ও রচনা প্রসঙ্গ, কালীপদ চৌধুরী